- ভবিষ্যতে সাহায্যের জন্য একটি পুস্তিকা তৈরী করা হবে। এই পুস্তিকাতে ইতিবাচক শিক্ষা কি লাভ করা হয়েছে, কি কি অসুবিধা হয়েছে ও কোন কোন বাধার সম্মুখীন হতে হয়েছে তা লিপিবদ্ধ থাকবে। বাধাগুলির সমাধান কিভাবে করা হয়েছে তাও লেখা থাকবে।
- কৃত্যকারীদের পেশাগত কার্য ক্ষমতা বাড়ানোর জন্য যে যে ব্যবস্থা নেওয়া হয়েছে ও তাদের ট্রেনিং -এর জন্য যে সব ট্রেনিং-এর সামগ্রি ব্যবহার করা হয়েছে তা লিপিবদ্ধ করা।
- পাইলট স্কীমের যথার্থতা বিচার ও সময়সীমা বাড়ানোর প্রস্তাব।
- প্রয়োজনমত স্কীমের কিছু রূপান্তর করে অন্যান্য শহর এলাকায় স্কীমের বিস্তার করা।
- এই স্কীম থেকে যেসব শিক্ষা লাভ হবে তা বিস্তার করা।
- এই দস্তাভেজ স্কীমের মূল্যায়ণ করতে সাহায্য করবে।
- যদি এই স্কীমের সময়সীমা আরও বাড়ানো হয় তবে স্কীমের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর স্বাস্থ্যের মানের কি অগ্রগতি হয়েছে তাহা লিপিবদ্ধ করা।

৩০. স্কীমের মূল্যায়ণ :

- ডি.এফ.আই.ডি. ভবিষ্যতে আর্থিক সহায়তা দেওয়ার জন্য স্কীমের মূল্যায়ণ নিজেরা করবেন।
- বিভিন্ন লক্ষ্যমাত্রার কি কি অগ্রগতি হয়েছে ডি.এফ.আই.ডি. তা নিবিড়ভাবে মূল্যায়ণ করে দেখবেন। এই মূল্যায়ণের ভিত্তিতে ডি.এফ.আই.ডি. তাদের আর্থিক সাহায্য চালিয়ে যাওয়ার সম্ভাবনা সম্বন্ধে সিদ্ধান্ত নেবেন।

৩১. স্কীমের জন্য সরকারী আদেশনামা :

- ৩১.১. পূরবিষয়ক দপ্তর এই পাইলট স্কীমটি কার্যে পরিণত করার জন্য যথাযথ আদেশনামা জারি করবেন।
- ৩১.২. স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তর রাজ্য, জেলা ও উপজেলা স্তরে অবস্থিত স্বাস্থ্য বিষয়ক অফিসগুলিকে এই প্রকল্পের বিষয়ে নির্দেশ দেবেন।
- ৩১.৩. পাইলট স্কীমের প্রতিনিয়ত সৃষ্ট ব্যবস্থাপনার উদ্দেশ্যে সি.সি.সি. পৌরসভাগুলির সাথে নিয়মিতভাবে মতামত আদান প্রদান করবেন।

পুরবিষয়ক দপ্তর দ্বারা গঠিত স্বাস্থ্য সম্বন্ধীয় অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটি

পুর ও আরবান ডেভালপমেন্ট দপ্তরের দায়িত্বাধীন মন্ত্রীমহোদয়ের নেওয়া ৭ই অক্টোবর, ২০০২ সালের রিভিউ মিটিং-এ স্থির হয় যে প্রজেক্টের জন্য ডোনার এজেন্সীর অর্থ সাহায্য শেষ হবার পরে প্রজেক্টের কাজ দেখাশুনা, রক্ষণাবেক্ষণ ও আরবান হেল্থ ইমপ্রভমেন্ট প্রোগ্রামগুলি সঠিক দিশায় চলনাতে উপদেশ দেওয়ার জন্য একটি অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটি তৈরী করা হবে। এই অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটি নিম্নলিখিত সদস্যদের দ্বারা গঠিত হবে :

১।	মিনিস্টার অফ স্টেট, পুর দপ্তর	সভাপতি
২।	প্রধান সচিব, ইউ.ডি. দপ্তর	সদস্য
৩।	প্রধান সচিব, স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তর	সদস্য
৪।	সচিব, পুর দপ্তর	সদস্য
৫।	সি.ই.ও., কে.এম.ডি.এ.	সদস্য
৬।	পৌর প্রধান, নিউ ব্যারাকপুর পৌরসভা	সদস্য
৭।	মেয়র, দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন	সদস্য
৮।	চিফ হেল্থ অফিসার, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন	সদস্য
৯।	ডাইরেক্টর, স্টেট আরবান ডেভালপমেন্ট এজেন্সী	সদস্য
১০।	ডাঃ বি. ভট্টাচার্য, চিফ অফ হেল্থ, আই.পি.পি.- ৮	সদস্য
১১।	ডাঃ এন. জি. গঙ্গোপাধ্যায়, অ্যাডভাইসরি (হেল্থ), স্টেট আরবান ডেভালপমেন্ট এজেন্সী	সদস্য
১২।	বিশেষ সচিব, কে.এম.ডি.এ.	সদস্য - সচিব

এই কমিটি বিভিন্ন উপায় উদ্ভাবন, কেনাকাটার নীতি, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে পৌরসভাগুলিকে আরও দায়িত্ব দেওয়া, যে সমস্ত পরিষেবা আছে তার পুরোপুরি সম্ব্যবহার করা, পরিকাঠামো ও যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ করা ইত্যাদি বিষয়ে যথাযথ উপদেশ ও নির্দেশ দেবেন।

১১ই ডিসেম্বর, ২০০৩ সালে উন্নয়ন ভবন, বিধাননগরে অনুষ্ঠিত ৪র্থ অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটির মিটিং-এ প্রস্তাবনা করা হয়েছিল যে বিশেষ সচিব (প্রজেক্ট) এবং প্রোগ্রাম ডাইরেক্টর, এস.আই.পি. ও এইচ.এস.ডি.আই., স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তর, শ্রী রাজীব দুবে, আই.এ.এস., মহোদয়কে অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটির সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়াকে সাহায্য করার জন্য এই কমিটির সদস্য হিসাবে নেওয়া হবে।

২২/০৩/২০০৪ তারিখে অনুষ্ঠিত ৫ম অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটির মিটিং-এ ডি.এফ.আই.ডি.র সহায়তায় ১১টি পৌরসভাতে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের কাজকর্ম পর্যবেক্ষণ করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তগুলি নেওয়া হয় :

- মিউনিসিপ্যাল লেভেল হেল্থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কমিটি, স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী ও প্রোগ্রামের অন্যান্য সহায়ক কর্মীদের প্রয়োজনীয় সংখ্যা নির্ধারণ করবেন এবং এঁদের নিয়োগের পদ্ধতি ও নিযুক্তি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নেবেন।
- এই স্কীম কার্যে পরিণত করার লক্ষ্যে এ.সি.এম.ও.এইচ. ও নিকটবর্তী সরকারী হাসপাতালের সুপারিন্টেন্ডেন্টদের যুক্ত করার উদ্দেশ্যে প্রয়োজনীয় নির্দেশনামা জারি করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগকে অনুরোধ করা হয়।
- নতুন বি.পি.এল. তালিকা পৌরসভার জনসংখ্যার ২৫ শতাংশের মধ্যে হওয়া বাঞ্ছনীয়।
- এজেন্ডা নোটে দেওয়া বিভিন্ন কার্যাবলীর সময়সূচি ঠিকভাবে পালন করতে হবে।

মিউনিসিপ্যাল লেভেল হেল্থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কমিটি

কমিটির সদস্যবৃন্দ :

১।	পৌরসভার পৌরপ্রধান	প্রেসিডেন্ট
২।	স্বাস্থ্যের দায়িত্বে থাকা পৌরপিতা	মেম্বার
৩।	জেলাশাসকের প্রতিনিধি	মেম্বার
৪।	স্থানীয় এন.জি.ও. দের প্রতিনিধি	মেম্বার
৫।	সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচ.	মেম্বার
৬।	পৌরসভার হেল্থ অফিসার / অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসার	মেম্বার - সেক্রেটারি
৭।	স্টেট আরবান ডেভালপমেন্ট এজেন্সীর প্রতিনিধি	বিশেষভাবে নিযুক্তি
৮।	রেফারেল হাসপাতালের সুপারিন্টেন্ডেন্ট	আমন্ত্রিত

- বর্তমানে অবস্থিত পৌরসভা এবং জেলা / সাব ডিভিশনে স্বাস্থ্য বিভাগের অফিস ও রেফারেল চিকিৎসার জন্য সরকারী হাসপাতাল - এইসব বিভিন্ন স্বাস্থ্য পরিকাঠামো ও স্বাস্থ্য সম্বন্ধীয় কার্যাবলী যাতে একত্রিত ভাবে করা যায় তার জন্য সমন্বয় সাধন ও পরিদর্শনের দায়িত্বে থাকবেন।
- জেলার বিভিন্ন হেল্থ প্রোগ্রাম অফিসারদের সাথে সংহতিকরণের জন্য নিয়মিতভাবে এবং প্রয়োজন অনুসারে আলোচনা সভার আয়োজন করবেন।
- রেফারেল চিকিৎসার ব্যবস্থা করার জন্য নিকটবর্তী সরকারী হাসপাতালের অধিকর্তাদের সাথে নিয়মিতভাবে এবং প্রয়োজন ভিত্তিক মিটিং-এর ব্যবস্থা করবেন।

সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সি.সি.সি.)

সি.সি.সি. - র সদস্যবৃন্দ :

- ১। স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সীর ডাইরেক্টর
- ২। কনসালটেন্ট
- ৩। প্রজেক্ট অফিসার
- ৪। মেডিক্যাল স্পেশালিষ্ট - ২ জন
- ৫। কমিউনিটি ডেভেলপমেন্ট স্পেশালিষ্ট
- ৬। অ্যাকাউন্টস অফিসার
- ৭। এম.আই.ই.এস. অফিসার
- ৮। ডাটা এন্ট্রি অপারেটর
- ৯। ক্লার্ক কাম স্টোরকিপার
- ১০। অ্যাটেন্টেডেন্ট

এঁদের চুক্তি ভিত্তিক নিয়োগের ক্ষমতা বিধিসঙ্গতভাবে পূরবিষয়ক দপ্তরের থাকবে।

মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল (এম.এম.সি.)

এম.এম.সি. -র সদস্যবৃন্দ :

- ১। অতিরিক্ত জেলাশাসক - প্রজেক্ট ডাইরেক্টর। সরকারী আদেশনামা জারী করা হবে।
- ২। স্বাস্থ্যের দায়িত্বাধীন পৌরপিতা - পৌর প্রধান নির্দেশনামা জারী করবেন।
- ৩। সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচ. - সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর আদেশনামা জারী করবেন।
- ৪। নিকটবর্তী সরকারী হাসপাতালের সুপারিন্টেন্ডেন্ট - সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর আদেশনামা জারী করবেন।
- ৫। হেল্থ অফিসার / অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসার - যে পৌরসভায় হেল্থ অফিসার আছে সেখানে পৌরপ্রধান আদেশনামা জারী করবেন। যে পৌরসভায় হেল্থ অফিসার নেই সেখানে অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসার সাময়িক ভাবে চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হবে।
- ৬। কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার - সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ৭। পাবলিক হেল্থ নার্স - সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ৮। ডাটা এন্ট্রি অপারেটর - সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ৯। অ্যাকাউন্টস অ্যাসিস্টেন্ট - সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ১০। ক্লার্ক কাম স্টোরকিপার - পৌরসভার নিজস্ব নিয়োজিত কর্মীকে পৌরপ্রধান নির্দেশনামা দেবেন।
- ১১। অ্যাটেন্ডেন্ট - পৌরসভার নিজস্ব নিয়োজিত কর্মীকে পৌরপ্রধান নির্দেশনামা দেবেন।

মিউনিসিপ্যাল হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটি সাময়িক চুক্তির ভিত্তিতে নিয়োগগুলির দায়িত্বে থাকবেন।

দপ্তর	দায়-দায়িত্ব
ডি.এইচ.এফ.ডব্লিউ.	<ul style="list-style-type: none"> ● নোডাল ডিপার্টমেন্ট - সুডাতে অবস্থিত সি.সি.সি. থেকে ব্যয়ের বিবরণ নেবেন ও গ্রান্ট-ইন-এইড পাওয়ার জন্য তা ভারত সরকারকে পাঠাবেন। যে পরিমান অর্থ এই পাইলট স্কীমের দরুন ব্যয় করা হয়েছে সেই পরিমান অর্থ পরিশোধ হিসাবে ভারত সরকার ডি.এফ.আই.ডি., ইন্ডিয়া থেকে আর্থিক সহায়তা পাবেন।
	<ul style="list-style-type: none"> ● পাইলট স্কীমের অগ্রগতির বিষয়ে নিয়মিত ব্যবধানে ডি.এফ.আই.ডি. কে জ্ঞাত করবেন। এই স্কীমের জন্য বিভিন্ন পদ্ধতি থেকে যে সুফল পাওয়া গেছে এবং এই পদ্ধতিটা স্বাস্থ্য বিষয়ক কৌশলগত কাঠামোর মধ্যে অন্তর্ভুক্ত করা যেতে পারে তা সমর্থন করে স্কীমের প্রক্রিয়াগুলি লিপিবদ্ধ করে একটি দস্তাবেজ (ডকুমেন্টেশন) তৈরী করবেন।
	<ul style="list-style-type: none"> ● স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমটি বিশদভাবে জানানো ও বোঝানোর জন্য ডি.এইচ.এফ.ডব্লিউ. ও পুরদপ্তর একসঙ্গে কর্মশালার আয়োজন করবেন।
	<ul style="list-style-type: none"> ● পৌরসভাগুলি যাতে নিজ নিজ স্কীমের প্রস্থাবনা তৈরী করে ডি.এইচ.এফ.ডব্লিউ. -র কাছে জমা দিতে পারেন এ বিষয়ে পৌরসভাগুলিকে গাইড লাইন দেবেন।
	<ul style="list-style-type: none"> ● পৌরসভাগুলি স্কীমের যে প্রস্থাবনাগুলি জমা দেবেন সেগুলো পরীক্ষা করে অনুমোদন দেবেন।
	<ul style="list-style-type: none"> ● জেলা / উপজেলার স্বাস্থ্য বিষয়ক অফিস ও সরকারী হাসপাতালগুলির সাথে প্রকল্পের কাজে সংযোগের জন্য সমন্বয় সাধন করবেন।
	<ul style="list-style-type: none"> ● নিয়মিত সময়ের ব্যবধানে স্কীমের কাজের অগ্রগতি পরিদর্শন করবেন ও প্রথম বছরের শেষে মূল্যায়ণ করবেন।
	<ul style="list-style-type: none"> ● ভারত সরকার ও ডি.এফ.আই.ডি. -র সাথে যোগাযোগ রাখবেন।
	<ul style="list-style-type: none"> ● প্রকল্পের জন্য বিভিন্ন প্রয়োজনীয় জিনিসপত্র কেনাকাটা এবং কাজের জন্য চুক্তি করার দায়িত্বে থাকবেন ডি.এইচ.এফ.ডব্লিউ.।

দপ্তর	দায়-দায়িত্ব
<p>সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সুডা / এম.এ.ডি.তে অবস্থিত)</p>	<ul style="list-style-type: none"> ● ডি.এইচ.এফ.ডব্লিউ. থেকে ফান্ড সংগ্রহ করবেন এবং খরচের হিসাবপত্র ডি.এইচ.এফ.ডব্লিউ.কে দেবেন যাতে করে কেন্দ্রীয় সরকার / ডি.এফ.আই.ডি., ইন্ডিয়া থেকে অনুদান হিসাবে এই অর্থ ফেরৎ পাওয়া যায়। ● পৌরসভাগুলিকে ফান্ড দেবেন ও হিসাবপত্র রাখবেন। ● ডি.এইচ.এফ.ডব্লিউ.র তত্ত্বাবধানে এই স্কীমের পুরো পদ্ধতিটা চালনা ও পরিদর্শন করবেন। ● এই পদ্ধতির বিভিন্ন কার্যাবলির অগ্রগতি লিপিবদ্ধ করা ও সমন্বয় সাধন করার দায়িত্বে থাকবেন। ● ট্রেনারদের প্রশিক্ষণের ব্যবস্থা করবেন। ● চিকিৎসার জন্য যন্ত্রপাতি, ওষুধপত্র, আসবাবপত্র ও আই.ই.সি.র সরঞ্জাম ডি.এইচ.এফ.ডব্লিউ.র অনুমোদন নিয়ে সংগ্রহ করার ব্যবস্থা করবেন।
<p>মিউনিসিপ্যাল লেভেল হেল্থ এবং এফ.ডব্লিউ. কমিটি (ইতি মধ্যে গঠিত হয়েছে)</p>	<ul style="list-style-type: none"> ● বর্তমানে অবস্থিত পৌরসভা এবং জেলা / সাব ডিভিশনে স্বাস্থ্য বিভাগের অফিস ও রেফারেল চিকিৎসার জন্য সরকারী হাসপাতাল - এইসব বিভিন্ন স্বাস্থ্য পরিকাঠামো ও স্বাস্থ্য সম্বন্ধীয় কার্যাবলী যাতে একত্রিত ভাবে করা যায় তার জন্য সমন্বয় সাধন ও পরিদর্শনের দায়িত্বে থাকবেন। ● জেলার বিভিন্ন হেল্থ প্রোগ্রাম অফিসারদের সাথে সংহতিকরণের জন্য নিয়মিতভাবে এবং প্রয়োজন অনুসারে আলোচনা সভার আয়োজন করবেন। ● রেফারেল চিকিৎসার ব্যবস্থা করার জন্য নিকটবর্তী সরকারী হাসপাতালের অধিকর্তাদের সাথে নিয়মিতভাবে এবং প্রয়োজন ভিত্তিক মিটিং-এর ব্যবস্থা করবেন।

দপ্তর	দায়-দায়িত্ব
<p>মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল</p>	<ul style="list-style-type: none"> ● সি.সি.সি.-র কাছ থেকে ফান্ড নেবেন এবং খরচের হিসাবপত্র সি.সি.সি.-র কাছে দাখিল করবেন। ● প্রজেক্টের জন্য পৃথক ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলবেন। এই অ্যাকাউন্ট যুগ্মভাবে পৌরপিতা এবং এই স্কীমের প্রজেক্ট ডাইরেক্টর অপারেট করবেন। ● হেল্থ পোস্ট এবং সাব হেল্থ পোস্টের সমস্ত পরিষেবার ব্যাপারে যেমন, কর্মীদের ষান্মানিক / বেতন দেওয়া এবং স্থানীয়ভাবে প্রকল্পের জন্য কিছু সংগ্রহ / কেনাকোটা করার ব্যবস্থা ইত্যাদি পরিচালনা ও পরিদর্শনের দায়িত্বে থাকবেন। ● নিজ পৌরসভার স্কীমের প্রস্হাবণা তৈরী করবেন ও তা সি.সি.সি.-র মাধ্যমে ডি.এইচ.এফ.ডব্লিউ.-র কাছে পাঠাবেন। ● সি.সি.সি.র এবং সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচের কাছে সময়মতো সব রিপোর্ট ও রিটার্ন পাঠাবেন। ● পৌরসভার প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা, জেলা ও সাব-ডিভিশনের বিভিন্ন স্বাস্থ্য দপ্তরের অফিস এবং পরিষেবার সঙ্গে একত্রিকরণের জন্য এবং সরকারী হাসপাতালের সাথে রেফারেল চিকিৎসার সংহতি স্থাপনের জন্য এই সেল সমন্বয় সাধনের দায়িত্বে থাকবেন।
<p>সি.এম.ও.এইচ. এবং জেলা ও সাব- ডিভিশনের হেল্থ অফিসারবন্দ</p>	<ul style="list-style-type: none"> ● সি.সি.সি. / সুডা, মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল, মিউনিসিপ্যাল হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটির সাথে সংহতি স্থাপন করবেন যাতে শহর এলাকায় রোগের অনুসন্ধান, তার চিকিৎসা এবং পৌরসভার নিকটবর্তী সরকারী হাসপাতালে রেফারেল চিকিৎসা মারফৎ এক সমন্বিত স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা করা যায়। ● পরিষেবার কার্যাবলী পর্যবেক্ষণ করা এবং রোগ প্রতিরোধ প্রোগ্রাম, আর.সি.এইচ. প্রোগ্রাম ইত্যাদি সংশ্লিষ্ট প্রোগ্রামগুলিকে সহায়তা করার জন্য জেলা ও সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচের অফিসগুলির সাথে সমন্বয় সাধন করবেন। ● অগ্রগণ্যতার ভিত্তিতে যাতে পৌরসভার স্বাস্থ্য কেন্দ্র থেকে পাঠানো রোগীরা রেফারেল চিকিৎসার জন্য সরকারী হাসপাতালে ভর্তি হতে পারেন এই জন্য সরকারী হাসপাতালগুলির সাথে সংহতি স্থাপন করবেন।
<p>সরকারী হাসপাতালে সুপারিন্টেন্ডেন্ট</p>	<ul style="list-style-type: none"> ● সরকারী হাসপাতালের সুপারিন্টেন্ডেন্টরা মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল, মিউনিসিপ্যাল লেভেল হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটির সাথে সংহতি স্থাপন করবেন যাতে করে পৌরসভার স্বাস্থ্য কেন্দ্র থেকে পাঠানো রোগীরা অগ্রগণ্যতার ভিত্তিতে রেফারেল চিকিৎসার জন্য পৌরসভার নিকটবর্তী সরকারী হাসপাতালে ভর্তি হতে পারেন।

সি.সি.সি. - র কর্মীদের কাজের দায়িত্ব

কনসালটেন্ট :

- সুডার ডাইরেক্টরের নির্দেশ অনুযায়ী কাজ করবেন।
- প্রোগ্রাম কার্যকরণ, ট্রেনিং ম্যানুয়াল তৈরী, আই.ই.সি. - র জন্য বিভিন্ন উপায় উদ্ভাবন ও কৌশল তৈরী, এম.আই.ই.এস. তৈরী এবং সমীক্ষার জন্য বিষয়বস্তু তৈরী, দস্তাভেজ (ডকুমেন্টেশন) তৈরীর পদ্ধতি, নজরদারি ও মূল্যায়ণের পদ্ধতি তৈরী ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞ হিসাবে কাজ করবেন।
- প্রজেক্টের বিশেষ সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের স্ট্রাটেজিক প্ল্যানিং ও সেক্টর রিফর্ম সেলের অফিসার ও অন্যান্য প্রোগ্রাম অফিসারদের সাথে যোগাযোগ রাখবেন।
- সি.সি.সি.-র প্রজেক্ট অফিসার ও অন্যান্য কর্মীদের এবং পৌরসভার এম.এম.সি.-র টেকনিকাল কর্মীদের বিশেষজ্ঞদের উপদেশ ও সঠিক নিশানা দেবেন।
- সেমিনার ও মিটিং-এ অংশগ্রহণ করবেন।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর যাতে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের দস্তাভেজ (ডকুমেন্টেশন) তৈরী করতে পারেন সে বিষয়ে যথাযথ সহায়তা করবেন।
- সি.সি.সি. ও পৌরসভাগুলির কাজের লাগাতার মূল্যায়ণ করবেন ও নজর রাখবেন যাতে করে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীম যথাযথ এগিয়ে যায়, এবং জেলার স্বাস্থ্যদপ্তরের অফিস এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার সাথে এই স্কীমের সমন্বয় সাধন হয়।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সাথে যোগাযোগ রাখবেন যাতে এই এইচ.এইচ.ডব্লিউ. স্কীমের পদ্ধতি সরকারের শহরে স্বাস্থ্য পরিষেবার কৌশলগত কাঠামোর মধ্যে নিয়ে নেওয়া হয় এবং এর ফলে এই এইচ.এইচ.ডব্লিউ. স্কীম কিংবা এর সামান্য কিছু পরিবর্তিত স্কীম রাজ্যের প্রতিটি শহর অঞ্চলে ক্রমান্বয়ে চালু করা যায়।
- পৌরদপ্তর, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর ও অর্থ দপ্তর এবং ১১ টি পৌরসভার সাথে আলোচনা করে একটি বিকল্প আর্থিক পদ্ধতি তৈরী করা এবং একটি ফান্ড গঠন করা যাতে এই বর্তমান স্কীম কিংবা এর সামান্য পরিবর্তিত স্কীম ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ করা যায়।
- যেখানে যেখানে প্রয়োজন কমে গেছে সেই সব জায়গায় কিভাবে কর্মীদের উঠিয়ে নেওয়া যায় কিংবা স্কীমটি পৌরসভাকে / স্থানীয় এন.জি.ও. / সি.বি.ও. / এস.এইচ.জি. - র হাতে তুলে দেওয়া যায় দীর্ঘদিনের রক্ষণাবেক্ষণের জন্য - এ বিষয়ে নীতি তৈরীকরণ।

প্রজেক্ট অফিসার :

- প্রোগ্রাম রূপায়ণের প্রধান সমন্বয় সাধনকারী অফিসার।
- ডাইরেक्टर সুডার নির্দেশনায় ও প্রয়োজনমতো কনসালটেন্টের সাথে আলোচনা করে প্রকল্পের কাজকর্ম করবেন।
- ডি.এইচ.এফ.ডব্লিউর স্পেশাল সেক্রেটারি, স্টাটেজিক প্ল্যানিং এবং সেক্টর রিফোর্ম - এর অফিসারবৃন্দ, ডাইরেक्टर অফ হেল্থ সার্ভিস ও রাজ্য স্তরে স্বাস্থ্যদপ্তরের প্রোগ্রাম অফিসারদের সাথে যোগাযোগ রক্ষা করবেন।
- স্কীমের জন্য প্ল্যান করা, সংগঠন ও ব্যবস্থাপনা করা, প্রকল্পের কাজকর্মে নজরদারী ও দেখাশুনা করার দায়িত্বে থাকবেন।
- বিবিধ মিটিং ও সেমিনারে অংশগ্রহণ করবেন।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্য প্রকল্পের দস্তাবেজ (ডকুমেন্টেশন) তৈরী করার জন্য প্রয়োজনীয় খবরাখবর ও তথ্য ডি.এইচ.এফ.ডব্লিউকে সরবরাহ করবেন।
- স্কীমটি প্রথম বছরের মধ্যে রূপায়ণ ও কার্যে পরিণত করার দায়িত্বে থাকবেন। স্কীমটি পরে চালু রাখা ও সব পৌরসভাগুলিতে প্রসারিত করার যৌক্তিকতা অর্জন করার উপলক্ষ্যে, মেডিক্যাল স্পেশালিষ্ট, সি.ডি. স্পেশালিষ্ট, এম.আই.ই.এস. অফিসার ও অ্যাকাউন্টস অফিসারদের নিয়ে গঠিত টিমের দলপতি হিসাবে স্কীমের কাজে দায়বদ্ধ থাকবেন।

মেডিক্যাল স্পেশালিষ্ট :

- পৌরসভার স্বাস্থ্য সম্বন্ধীয় সব প্রোগ্রামের ঠিকমতো প্ল্যান করা, ব্যবস্থাপনা করা, নজরদারী ও দেখাশুনা করার জন্য হেল্থ অফিসার / অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসারদের পেশা সংক্রান্ত ও কার্য নির্বাহ ব্যবস্থাপনার বিষয়ে উপদেশ ও নির্দেশ দিয়ে সহায়তা করার দায়িত্বে থাকবেন।
- স্কীমের বিভিন্ন স্তরের কর্মীদের বিবিধ ট্রেনিং ও কাজের মান বাড়ানোর জন্য প্রোগ্রাম আয়োজন উপলক্ষ্যে হেল্থ অফিসার (এইচ.ও.) অথবা অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসারদের (এ.এইচ.ও.) পেশা সংক্রান্ত ও কার্য নির্বাহ করার বিষয়ে উপদেশ দেবেন।
- ১১টি পৌরসভায় রেফারেল সার্ভিস বিশেষত আর.সি.এইচ. ও স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন রোগ প্রতিরোধ করার প্রোগ্রাম, আই.সি.ডি.এস. এবং স্কুল হেল্থ প্রোগ্রামের সাথে পৌরসভার বিভিন্ন স্বাস্থ্য প্রোগ্রামের সংযোগ করার উপলক্ষ্যে ডাইরেक्टर অফ হেল্থ সার্ভিসের সাথে যোগাযোগ রাখবেন।
- সাব-ডিভিশন হাসপাতালের সুপারিনটেন্ডেন্ট, এ.সি.এম.ও.এইচ., সি.এম.ও.এইচ., ডেপুটি সি.এম.ও.এইচ. এবং জেলাস্তরের অন্যান্য স্বাস্থ্য বিভাগের অফিসার, আই.সি.ডি.এস. - এর জেলাস্তরের প্রজেক্ট অফিসার, পৌরসভার চেয়ারম্যান ও সি.ডি.পি.ও. এবং প্রজেক্ট ডাইরেक्टरদের সাথে যোগাযোগ স্থাপন করবেন ও পৌরসভার স্বাস্থ্য পরিষেবার সাথে স্বাস্থ্য দপ্তরের পরিষেবাগুলি সংযোগসাধন করার জন্য এইচ.ও. / এ.এইচ.ও.কে সাহায্য করবেন।
- এইচ.ও. / এ.এইচ.ও. যাতে প্রজেক্ট ডাইরেक्टर / পৌরপ্রধান ও সি.সি.সি.র কাছে সময়মতো রিপোর্ট ও রিটার্ন দাখিল করে সেদিকে নজর রাখবেন।

- বিভিন্ন জিনিস যেমন - টীকা (ভ্যাকসিন), পরিবার পরিকল্পনার সাময়িক সরঞ্জাম, ওষুধপত্র ইত্যাদি যাতে স্বাস্থ্য দপ্তরের জেলার প্রোগ্রাম অফিসারদের কাছ থেকে সহজভাবে সংগ্রহ করা যায় সে বিষয়ে সাহায্য করবেন।
- পৌরসভাভিত্তিক এই স্কীমের প্রস্তাবনা রচনার জন্য যথাযথ উপদেশ দেবেন।
- স্কীমের কাজকর্মে সাহায্য করার জন্য এন.জি.ও. নির্বাচনে পেশা সংক্রান্ত উপদেশ দেবেন।
- স্বাস্থ্যের দায়িত্বে থাকা কাউন্সিলর ও প্রজেক্ট ডাইরেক্টরের সাথে থেকে এস.এইচ.পি. / এইচ.পি. র জন্য উপযুক্ত স্থান চিহ্নিত করার কাজে সহায়তা করবেন।
- প্রকল্পের যে সব আসবাবপত্র, ডাক্তারি যন্ত্রপাতি, ওষুধপত্র ও অন্যান্য সামগ্রী সংগ্রহ করা হয়েছে বা সি.সি.সি. থেকে পাওয়া গেছে সেগুলি চেক করা, স্টক রেজিস্টারে তোলা এবং সঠিক স্বাস্থ্যকেন্দ্রে সেগুলি পাঠাবার ব্যবস্থা করতে সাহায্য করবেন।
- পার্ট টাইম ডাক্তার, এ.এন.এম., পি.এইচ.এন. ও এম.এম.সি. - র কর্মীরা যাতে সুষ্ঠুভাবে বিভিন্ন পরিবেশের কাজগুলি করতে পারেন সেজন্য উপযুক্ত নির্দেশ দেবেন।
- লক্ষ্যমাত্রা অনুযায়ী এই স্কীমের কাজের তালিকা তৈরী করবেন এবং অগ্রগতির বিষয়ে নজর রাখবেন।
- এম.এম.সি. -র সদস্যদের নিয়ে এবং কখনো কখনো তৃণমূলস্তরে কৃত্যকারীদের সাথে নিয়ে নিয়মিত ব্যবধানে রিভিউ মিটিং-এর আয়োজন করবেন। মিনিট বুক সঠিক ভাবে রাখা হচ্ছে কিনা তা দেখবেন।
- বিভিন্ন মিটিং, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ করবেন।
- এছাড়া, প্রজেক্ট অফিসার যেসব কাজ করার দায়িত্ব দেবেন সেগুলি পালন করবেন।

কমিউনিটি ডেভেলপমেন্ট স্পেশালিস্ট (সি.ডি.এস.) :

- অংশগ্রহণমূলক পদ্ধতির দ্বারা জনগোষ্ঠীকে সংগঠন করার উদ্দেশ্যে নির্দেশক পুস্তক তৈরী করবেন।
- জনগোষ্ঠী যাতে প্রকল্পটি সহজে গ্রহণ করতে পারেন সেই উদ্দেশ্যে পৌরসভায় আয়োজিত জনকারী আলোচনা মাঝে মাঝেই পরিদর্শন করবেন।
- অংশগ্রহণমূলক পদ্ধতিতে ও অগ্রগণ্যতার বিচারে জনগোষ্ঠীর প্রয়োজনভিত্তিক এই স্কীমের প্রস্তাবনা রচনা করার নির্দেশক তৈরী করবেন।
- কার্যক্ষেত্রে পরিদর্শনে গিয়ে জনগোষ্ঠীর মধ্য থেকে চিহ্নিতকরে 'সহায়ক দল' (পিয়র গ্রুপ) তৈরী করবেন যাঁরা জনগোষ্ঠীকে স্বাস্থ্য সম্বন্ধে অবহিত করতে প্রধান ভূমিকা নেবেন।
- প্রকল্পের সমস্ত কার্যকলাপে যাতে মহিলারা বেশিমাাত্রায় অংশগ্রহণ করেন সেই উদ্দেশ্যে দিশা দেখাবেন।
- এন.জি.ও. ও সি.বি.ও. দের চিহ্নিতকরণের জন্য সাহায্য করবেন এবং ঐ সব সংস্থার সাথে নিবিড় যোগাযোগ রাখবেন যাতে সংস্থাগুলিকে স্কীমের কার্যকলাপের মধ্যে সংযুক্ত করে উদ্দেশ্যজনীত কার্যাবলী আরও শক্তিশালী করা যায় এবং ভবিষ্যতে রক্ষণাবেক্ষণের কাজে সহায়তা পাওয়া যায়।
- বিভিন্ন ট্রেনিং প্রোগ্রাম করার জন্য সি.ডি.ও.কে সঠিক উপদেশ দেবেন।
- মিউনিসিপ্যাল হেল্থ ফান্ড গঠনের জন্য পৌরসভাগুলি যাতে কার্যকরী পদক্ষেপ নেন সে বিষয়ে সাহায্য করবেন।

- বিভিন্ন স্টোরের জন্য ষ্টক লেজার রক্ষণাবেক্ষণ এবং ১১টি পৌরসভাতে পাঠানোর জন্য জিনিসপত্রের তালিকা তৈরী করা ও লেনদেনের খতিয়ান রাখার জন্য প্রজেক্ট অফিসারের কাছে দায়বদ্ধ থাকবেন।
- সি.সি.সি. - র রিভিউ মিটিং-এ অংশগ্রহণ করবেন।
- প্রজেক্টের কাজ যাতে সময় অনুসারে ঠিকমতো এগিয়ে চলে তা নিরীক্ষণ করার জন্য এম.এম.সি.-র সি.ডি.ও. - দের সাথে যোগাযোগ রাখবেন।
- ১১টি পৌরসভার সি.ডি.ও.-দের সাহায্য করবেন যাতে সি.ডি.ও.-রা এ.সি.এম.ও.এইচ., সি.এম.ও.এইচ., ডেপুটি সি.এম.ও.এইচ. এবং জেলার স্বাস্থ্য দপ্তরের অন্যান্য অফিসার, আই.সি.ডি.এস.-এর প্রজেক্ট অফিসার ও সি.ডি.পি.ও.-র সাথে যোগাযোগ রক্ষা করে আই.ই.সি.-র জন্য প্রয়োজনীয় জিনিসপত্র সংগ্রহ করতে পারেন এবং স্বাস্থ্য, পুষ্টি বিষয়ক আধুনিক বার্তা ও বর্তমানে নেওয়া কৌশল সম্বন্ধে জানতে পারেন।
- আই.ই.সি.-র কার্যাবলীর কর্মসূচী রূপায়িত করার বিষয়ে পৌরসভাগুলিকে সাহায্য করবেন।
- তৃণমূলস্তরে বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা পৌছানোতে সহায়তা করবেন।
- স্বাস্থ্য পরিষেবা গ্রহণে অনিচ্ছুক ও বিমুখ ব্যক্তিদের মানসিকতা পরিবর্তনের জন্য উপদেশ ও পরামর্শ সভার আয়োজন করতে সাহায্য করবেন।
- মহিলাদের স্বাস্থ্য সম্বন্ধীয় পরিষেবার চাহিদা বৃদ্ধির লক্ষ্যে ছোটো ছোটো মহিলা গোষ্ঠী তৈরী করতে এবং এগিয়ে যেতে সাহায্য করবেন।
- এছাড়া, প্রজেক্ট অফিসার যেসব কাজ করার দায়িত্ব দেবেন সেগুলি পালন করবেন।

এম.আই.ই.এস. অফিসার :

- ডি.এইচ.এফ.ডব্লিউ.-র এম.আই.ই.এস. অফিসারদের সাথে আলোচনা করে এম.আই.ই.এস. রিপোর্টের ফরম্যাট তৈরী করবেন।
- ডাটা এন্ট্রি অপারেটরের কাজ কর্ম পর্যবেক্ষণ করবেন।
- পরিসংখ্যা বিশ্লেষণ করে মাসিক রিপোর্ট তৈরী করবেন। এই রিপোর্টে খারটা কেমন চলছে এবং উন্নতির জন্য কি কি করা প্রয়োজন তারও উল্লেখ থাকবে।
- প্রজেক্ট অফিসারের কাছে রিপোর্ট দাখিল করবেন।
- ১১টি পৌরসভার রিপোর্ট ডি.এইচ.এফ.ডব্লিউ.-র এস.পি.এস.আর.সি.-র কাছে পাঠাবেন।
- পৌরসভাগুলির পাঠানো রিপোর্টের বিষয়ে জেলার স্বাস্থ্য দপ্তরের প্রোগ্রাম অফিসারদের মতামত জানবেন।
- পৌরসভাগুলির এইচ.ও. / এ.এইচ.ও. -কে রিপোর্টের বক্তব্য বিষয়গুলি নিয়মিত অবগত করবেন।
- এছাড়া, প্রজেক্ট অফিসার যেসব কাজ করার দায়িত্ব দেবেন সেগুলি পালন করবেন।

ডাটা এন্ট্রি অপারেটর :

- বিভিন্ন পৌরসভা থেকে প্রাপ্ত পরিসংখ্যানগুলি তুলনা করার জন্য পদ্ধতি তৈরী করবেন।
- সি.সি.সি. স্তরে কম্পিউটারে ফাইল রাখার পদ্ধতির ব্যবস্থা করবেন।
- এম.আই.ই.এস. অফিসার, প্রজেক্ট অফিসার, ডি.এইচ.এফ.ডব্লিউ. ও তাঁদের প্রোগ্রাম অফিসার ও অন্যান্যদের কাছে পাঠাবার জন্য সি.সি.সি. স্তরে রিপোর্ট রিটার্ন তৈরী করবেন।
- পৌরসভাগুলি থেকে প্রাপ্ত পরিসংখ্যানগুলি মাসিক ভিত্তিতে কম্পিউটারে লিপিবদ্ধ করবেন।
- এছাড়া এম.আই.ই.এস. অফিসার বা কোন বিধিসঙ্গত কর্তৃপক্ষ যে সব কাজের দায়িত্ব দেবেন সেগুলি পালন করবেন।

অ্যাকাউন্টস্ অ্যাসিস্টেন্ট :

- প্রজেক্টের জন্য পৃথক অ্যাকাউন্ট রাখার দায়িত্বে থাকবেন।
- পৃথক ক্যাশ বই রাখবেন। ভাউচার নং, কি ধরনের খরচা করা হয়েছে, কাকে পেমেন্ট দেওয়া হয়েছে, চেক নং ইত্যাদি ক্যাশ বইয়ে লিখবেন।
- বিল পাশ করার ও পে অর্ডার দেওয়ার জন্য বিধিসঙ্গত কর্তৃপক্ষের কাছে পেশ করার পূর্বে পার্টির পাঠানো বিলগুলি আগেভাগে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করবেন।
- ইউটাইলাইজেশন সার্টিফিকেট (ইউ.সি.) তৈরী করবেন। এর সাথে একটা সংক্ষিপ্ত বিবরণী তৈরী করবেন যাতে ক্রমিক সংখ্যা, তারিখসহ ভাউচার নং, খরচের ঋতে শ্রেণী বিন্যাস এবং কতটাকা মূল্যের ইউ.সি. - এগুলি থাকবে। এই ইউ.সি. ও সংক্ষিপ্ত বিবরণী পরের মাসে ১৭ই তারিখের মধ্যে বিধিসঙ্গত কর্তৃপক্ষের কাছে পেশ করবেন যাতে করে ঐ মাসের ২০শে তারিখের মধ্যে ডি.এইচ.এফ.ডব্লিউ.-র কাছে পাঠানো যায়।
- এছাড়া প্রজেক্ট অফিসার বা অন্য কোনো কর্তৃপক্ষ যে সব কাজের দায়িত্ব দেবেন তা পালন করবেন।

ক্লার্ক কাম স্টোরকিপার :

- অফিসের চিঠিপত্র গ্রহণকরা ও পাঠানোর দায়িত্বে থাকবেন। উপযুক্ত ফাইলে অফিস রেকর্ডগুলি রাখবেন।
- অফিসের জন্য স্টেশনারী, ফর্ম, বইপত্র ডাক্তারি যন্ত্রপাতি, ওষুধপত্র ইত্যাদির জন্য ইনডেন্ট তৈরী করবেন। জিনিসপত্রগুলো স্টক লেজারে লিপিবদ্ধ করবেন ও বিলির ব্যবস্থা করবেন।
- স্কীমের কাজকর্ম ঠিকমতো চালানোর জন্য সি.সি.সি.-র অফিসারদের সহায়তা করবেন।
- এছাড়া বিধিসঙ্গত কর্তৃপক্ষ আর যেসব কাজের ভার দেবেন সেগুলো ঠিকমতো করবেন।

অ্যাটেন্ডেন্ট :

- অফিস ও অফিসের বাইরে বার্তাবহ / পিওনের কাজ করবেন।
- সি.সি.সি. / বিধিসঙ্গত কর্তৃপক্ষ আর যে সব কাজের দায়িত্ব দেবেন সেগুলি করবেন।

এম.এম.সি. - র কর্মীদের কাজের দায়িত্ব

হেল্থ অফিসার (এইচ.ও.) / অ্যাসিস্ট্যান্ট হেল্থ অফিসার (এ.এইচ.ও.) :

- স্বীমের কাজ রূপায়ণের জন্য স্বাস্থ্য বিষয়ক বিশেষজ্ঞের ভূমিকা পালন।
- প্রজেক্ট ডাইরেক্টর ও পৌর প্রধানের নির্দেশ অনুযায়ী কার্য সম্পাদন করা।
- পৌরসভার সব স্বাস্থ্য বিষয়ক প্রোগ্রামের পরিকল্পনা, সংগঠন, নজরদারী ও পরিদর্শন করা।
- কৃত্যকারীদের দক্ষতা বাড়াবার জন্য বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামের ব্যবস্থা করা।
- সাব-ডিভিশন হাসপাতালের সুপারিনটেন্ডেন্ট, সি.এম.ও.এইচ., এ.সি.এম.ও.এইচ., ডেপুটি সি.এম.ও.এইচ. ও জেলা স্তরের ডি.এইচ.এফ.ডব্লিউ. -র অন্যান্য অফিসার, আই.সি.ডি.এস.-এর প্রজেক্ট অফিসার, পৌরপ্রধান, প্রজেক্ট ডাইরেক্টর ও সুডাতে সি.সি.সি. -র সাথে যোগাযোগ রক্ষা করা।
- রাজ্য সরকারের বিভিন্ন স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোগ্রাম রূপায়ণের জন্য জেলা স্তরে স্বাস্থ্য দপ্তরের সাথে সংযোগ রক্ষা করা।
- পৌরপ্রধান / প্রজেক্ট ডাইরেক্টর, এ.সি.এম.ও.এইচ. ও সি.সি.সি.-র কাছে সময়মতো রিপোর্ট রিটার্ন পাঠানো।
- জেলা স্তরে ডি.এইচ.এফ.ডব্লিউ. প্রোগ্রাম অফিসারদের কাছ থেকে প্রয়োজনীয় জিনিসপত্র যেমন টীকার সরঞ্জাম, পরিবার পরিকল্পনার সামগ্রী ও ওষুধপত্র ইত্যাদি সংগ্রহ করার ব্যবস্থা করা।
- স্বীমের প্রস্তুতাবনা রচনায় সহায়তা করা।
- স্বীমের কাজ কর্মে সাহায্য করার জন্য বেসরকারী সংস্থার চিহ্নিত করণ করা।
- এস.এইচ.পি./এইচ.পি.-র জন্য উপযুক্ত জায়গা চিহ্নিত করতে স্বাস্থ্যের দায়িত্বে থাকা পৌরগিতা ও প্রজেক্ট ডাইরেক্টরের সাথে সহায়তা করা।
- স্বীমের জন্য বিভিন্ন জিনিসপত্র যেমন - আসবাব, যন্ত্রপাতি ও ওষুধ ইত্যাদি সি.সি.সি.-র কাছ থেকে সংগ্রহ করা, ষ্টক রেজিস্টার রাখা এবং সামগ্রীগুলি যথাযথ স্বাস্থ্য পরিবেশ কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করা।
- এই স্বীমের পরিবেশের কাজকর্মগুলি ফলপ্রসূভাবে করতে পারার জন্য পার্ট টাইম মেডিক্যাল অফিসার, এ.এন.এম., পি.এইচ.এন. ও এম.এম.সি.-র অন্যান্য কর্মীদের সঠিক দিশা দেখানো ও নির্দেশ দেওয়া।
- কার্যসূচী ও সময়সূচী তৈরী করা এবং নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজকর্ম ঠিকমত চলছে কিনা সেদিকে নজর রাখা।
- স্বীমের জন্য কিছু সামগ্রী স্থানীয়ভাবে নিয়মানুযায়ী কেনাকোটা করার দায়িত্ব পালন করা।
- তৃণমূল স্তরে কৃত্যকারীদের ও এম.এম.সি.-র কর্মীদের সাথে নিয়মিত ব্যবধানে রিভিউ মিটিং করা এবং মিনিট বুক রেকর্ড রাখা।
- মিটিং, সেমিনার ও কর্মশালায় যোগদান করা।
- এছাড়া, প্রজেক্ট ডাইরেক্টর / পৌরপ্রধান যেসব দায়িত্ব দেবেন সেগুলি পালন করা।

কমিউনিটি ডেভালপমেন্ট অফিসার (সি.ডি.ও.) :

- অংশগ্রহণ পদ্ধতির মাধ্যমে জনগোষ্ঠীকে সমাবেশ করার জন্য সংগঠন করা।
- স্কীমের উদ্দেশ্য, কার্যাবলী ও পরিণাম সম্পর্কে জনগোষ্ঠীকে জানকারী দেওয়া ও সচেতন করা।
- বারবার কার্যক্ষেত্রে গিয়ে জনগোষ্ঠীর মধ্য থেকে চিহ্নিতকরে সহায়ক দল (পিয়ার গ্রুপ) তৈরী করা, যারা জনগোষ্ঠীকে স্বাস্থ্য সম্বন্ধে অবহিত করতে প্রধান ভূমিকা নেবে।
- স্কীমের সমস্ত কার্যকলাপে মহিলাদের অংশগ্রহণের মাত্রা বাড়ানো।
- এন.জি.ও. এবং সি.বি.ও.দের চিহ্নিতকরণ ও তাদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন করা যাতে করে স্কীমের কাজের মধ্যে এদের সামিল করে কাজকর্ম আরও শক্তিশালী করা যায় এবং পরে রক্ষণাবেক্ষণে সহায়তা পাওয়া যায়।
- বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামের ব্যবস্থা করার জন্য এইচ.ও. / এ.এইচ.ও. কে সহায়তা করা।
- মিউনিসিপ্যাল হেল্থ ফান্ড গঠনের জন্য পৌরসভা যাতে কার্যকরী পদক্ষেপ নেন তার সাহায্য করা।
- বিভিন্ন সামগ্রীর জন্য ষ্টক লেজার রক্ষণাবেক্ষণ করা, স্বাস্থ্য কেন্দ্রগুলিতে পাঠ্যবইর তালিকা তৈরী করা ও লেনদেনের খতিয়ান রাখার জন্য এইচ.ও. / এ.এইচ.ও.-র কাছে দায়বদ্ধ থাকা।
- এম.এম.সি.-তে তৃণমূলস্বত্রে কৃত্যকারীদের সাথে রিভিউ মিটিং করা।
- সি.সি.সি.-র সি.ডি. স্পেশালিষ্ট -এর সাথে যোগাযোগ রেখে কাজের অগ্রগতি জানানো।
- এ.সি.এম.ও.এইচ., সি.এম.ও.এইচ., ডেপুটি সি.এম.ও.এইচ. ও ডি.এইচ.এফ.ডব্লিউ. জেলা স্তরে অন্যান্য অফিসার, আই.সি.ডি.এস.-এর প্রজেক্ট অফিসার, সি.ডি.পি.ও.-র সাথে যোগাযোগ রক্ষা করে আই.ই.সি.র জন্য প্রয়োজনীয় জিনিষপত্র সংগ্রহ, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক বার্তার আধুনিকরণ ও বর্তমান স্বাস্থ্য বিষয়ক নীতি ও কৌশল সম্বন্ধে জ্ঞাত হওয়া। সুড়ার সাথেও এসব ব্যাপারে যোগাযোগ রক্ষা করা।
- পৌরসভায় আই.ই.সি.র কাজ কি কি করা হবে তা চিহ্নিতকরা ও কাজে পরিণত করা।
- তৃণমূলস্বত্রে বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার বন্দোবস্ত করা।
- স্বাস্থ্য পরিষেবা গ্রহণে অনিচ্ছুক ও বিমুখ ব্যক্তিদের মানসিকতা পরিবর্তনের জন্য উপদেশ ও পরামর্শ দেওয়া।
- মহিলা সংগঠনগুলিকে শক্তিশালী করা যাতে তাদের মধ্যে স্বাস্থ্য সম্বন্ধীয় পরিষেবার চাহিদা বাড়ে।
- এছাড়া, প্রজেক্ট ডাইরেক্টর / পৌরপ্রধান আর যে সব দায়িত্ব দেবেন তা পালন করা।

পাবলিক হেল্থ নার্স (পি.এইচ.এন.) :

- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী, প্রথম সারির পরিদর্শিকা ও এ.এন.এম.দের ট্রেনিং দেওয়া।
- জনগোষ্ঠীর বিশেষতঃ মহিলা, কিশোর - কিশোরী ও বাচ্চাদের মধ্যে স্বাস্থ্য চেতনা বাড়ানোর জন্য অনুষ্ঠান করা।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী / প্রথম সারির পরিদর্শিকা দ্বারা পূরণ করা ফ্যামিলি সিডিউল, পাক্ষিক ও মাসিক এইচ.এম.আই.এস. রিপোর্টে ফিল্ড থেকে নেওয়া পরিসংখ্যানগুলি খুঁটিয়ে দেখা ও এম.এম.সি. স্তরে এইচ.এম.আই.এস. রিপোর্ট তৈরী করে এইচ.ও. / এ.এইচ.ও. কে পাঠানো।
- প্রয়োজনমত কার্যক্ষেত্রে গিয়ে পরিসংখ্যানগুলির বৈধতা পরীক্ষা করে দেখা।
- স্বাস্থ্যকর্মী ও প্রথমসারির পরিদর্শিকার কাজকর্ম দেখাশুনা ও নজরদারী করা।

- গর্ভবতী মহিলাদের ও বাচ্চাদের টীকা দেওয়া।
- নির্দিষ্ট মহিলাদের আই.ইউ.ডি. পড়ানো।
- যাঁরা পরিষেবা নিতে অনিচ্ছুক বা বিমুখ তাদের মানসিকতা পরিবর্তনের জন্য উপদেশ ও পরামর্শ দেওয়া।
- মহিলামহলকে শক্তিশালী করা যাতে তাদের মধ্যে স্বাস্থ্য সম্বন্ধীয় পরিষেবার চাহিদা বাড়ে।
- কোল্ড চেইন সিস্টেম ঠিকমতো রক্ষা করা, যন্ত্রপাতি ও ওষুধপত্র পরিদর্শন ও রক্ষণাবেক্ষণ করা।
- ভ্যাকসিন ও ওষুধের ব্যবহারের সময়সীমা পার হয়ে গেছে কিনা সেদিকে নিয়মিত নজর রাখা।
- পরিবার পরিকল্পনার জন্য ক্যাম্পের আয়োজন করা।
- যথার্থ ক্ষেত্রে রোগীদের রেফারেলের ব্যবস্থা করা ও পরে তারা কেমন থাকে তা অনুসরণ করা।
- রাজ্য সরকারের বিভিন্ন স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোগ্রাম রূপায়ণে অংশ নেওয়া।
- এছাড়া, এইচ.ও. / এ.এইচ.ও. ও সি.ডি.ও. বা বিধিসঙ্গত কর্তৃপক্ষ যে সব কাজের দায়িত্ব দেবেন তা পালন করা।

ডাটা এন্ট্রি অপারেটর :

- বিভিন্ন স্তরে মধ্যে যেমন এস.এইচ.পি., এইচ.পি. ও পৌরসভাগুলির মধ্যে পরিসংখ্যানগুলি তুলনা করার জন্য কম্পিউটারে একটা পদ্ধতি তৈরী করা।
- এম.এম.সি. স্তরে কম্পিউটারে ফাইল রাখার পদ্ধতি তৈরী করা।
- সি.সি.সি. ও অন্যত্র পাঠানোর জন্য এম.এম.সি. স্তরে রিপোর্ট রিটার্ন তৈরী করা।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীদের থেকে পাওয়া পরিসংখ্যানগুলি মাসিক ভিত্তিতে কম্পিউটারে তোলা এবং এস.এইচ.পি., এইচ.পি. ও এম.এম.সি. স্তরে এম.আই.ই.এস. রিপোর্টগুলি একত্রিকরণ করা।
- তাছাড়া, এইচ.ও. / এ.এইচ.ও. বা অন্য কোনো বিধিসঙ্গত কর্তৃপক্ষ যেসব কাজের দায়িত্ব দেবেন সেগুলো পালন করা।

অ্যাকাউন্টস অ্যাসিন্ট্যান্ট :

- স্বীমের জন্য পৃথক অ্যাকাউন্টস রাখার দায়িত্ব থাকবেন।
- সঠিক পদ্ধতিতে অ্যাকাউন্টস-এর লেজার রাখা।
- পৃথক ক্যাশ বুক রাখা। ভাউচার নং, কি ধরনের খরচ, কাকে পেমেন্ট করা হয়েছে, চেক নং, ইত্যাদি ক্যাশবুকে লিখে রাখা।
- বিল পাশ করা ও পে অর্ডার দেওয়ার জন্য যোগ্য অর্থরিটির কাছে পেশ করার আগে পার্টির পাঠানো বিলগুলি পুছানুপুছ ভাবে পরীক্ষা করে দেখা।
- ইউ.সি. তৈরী করা। এর সাথে একটা সংক্ষিপ্ত বিবরণী তৈরী করতে হবে যাতে ক্রমিক সংখ্যা, তারিখ সহ ভাউচার নং, খরচের খাতের শ্রেণীবিন্যাস এবং কতটাকা মূল্যের ইউ.সি. তা লেখা থাকবে। এই ইউ.সি. ও সংক্ষিপ্ত বিবরণী পরের মাসের ৭ই তারিখের মধ্যে বিধিসঙ্গত কর্তৃপক্ষের কাছে পেশ করতে হবে যাতে করে ঐ মাসের ১০ তারিখের মধ্যে সি.সি.সি. কাছে পাঠানো যায়।
- এছাড়া, এইচ.ও. / এ.এইচ.ও. বা অন্য কোনো বিধিসঙ্গত কর্তৃপক্ষ যে কাজের দায়িত্ব দেবেন তা পালন করা।

ক্লার্ক কাম স্টোরকিপার :

- অফিসের চিঠিপত্র পাঠানো ও গ্রহন করা। উপযুক্ত ফাইলে অফিস রেকর্ড রাখা।
- অফিসের স্টেশনারী, ফর্ম, বইপত্র, ভ্যাকসিন, পরিবার পরিকল্পনার সরঞ্জাম, ডাক্তারি যন্ত্রপাতি, ওষুধপত্র ইত্যাদির জন্য ইন্ডেন্ট তৈরী করা। জিনিসগুলি ষ্টকে নেওয়া ও ঠিকমতো বিলি করা।
- স্কীমের কাজকর্ম ঠিকমতো চলনার জন্য এইচ.ও. / এ.এইচ.ও. / সি.ডি.ও. / পি.এইচ.এন. কে সহায়তা করা।
- এছাড়া, বিধিসঙ্গত কর্তৃপক্ষ যেসব কাজের দায়িত্ব দেবেন তা পালন করা।

অ্যাটেন্ডেন্ট :

- অফিস ও অফিসের বাইরে বার্তাবহ / পিওনের কাজ করা।
- এম.এম.সি. / বিধিসঙ্গত কর্তৃপক্ষ আর যে যে কাজের দায়িত্ব দেবেন সেগুলি পালন করা।

এইচ. পি. - র কর্মীদের কাজের দায়িত্ব

মেডিক্যাল অফিসার (পার্ট টাইম) :

- হেল্থ পোস্ট (এইচ.পি.), সাব হেল্থ পোস্ট (এস.এইচ.পি.) ও ব্লকের তত্ত্বাবধানের পুরো দায়িত্বে থাকবেন।
- পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী সাব হেল্থ পোস্টে পরিষেবা দেওয়ার জন্য উপস্থিত থাকবেন।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীদের দ্বারা রেফার করা এস.এইচ.পি.-তে আসতে অক্ষম এমন রোগী বা জরুরী অবস্থা অনুযায়ী বাড়িতে গিয়ে রোগীকে দেখবেন ও চিকিৎসার ব্যবস্থা করবেন।
- এস.এইচ.পি.-তে বিভিন্ন পরিষেবার কার্যাবলী যেমন মাতৃ ও শিশুমঙ্গলের কাজ (গর্ভবতী মহিলা / প্রসূতিদের, শিশুদের জন্য পরিষেবা ইত্যাদি), পুষ্টির জন্য প্রোগ্রাম (বাচ্চাদের ওজন নেওয়া, অপুষ্টিতে ভোগা বাচ্চাদের ওজনের গেডের শ্রেণীবিভ্যাস করা ইত্যাদি), টীকাকরণ, স্বাস্থ্য কর্মীদের দ্বারা রেফারেল রোগীদের চিকিৎসা করা, পরিবার পরিকল্পনার কাজ ইত্যাদি রূপায়ণ ও দেখাশুনা।
- এস.এইচ.পি.-তে সহজ পরীক্ষাগুলি যেমন প্রেগন্যান্সী টেস্ট, গর্ভবতী মায়েদের হিমোগ্লোবিন, অ্যালবুমিন ও গ্লুকোজ পরীক্ষা ইত্যাদি করবেন ও তত্ত্বাবধান করবেন।
- জ্বরে ভোগা রোগীদের রক্তের স্লাইডগুলি সংগ্রহ করার ব্যবস্থা করবেন ও ম্যালেরিয়ার জীবাণু আছে কিনা দেখবার জন্য স্লাইডগুলি চিহ্নিত ল্যাবরেটরিতে পাঠাবার ব্যবস্থা করবেন।
- রেফারেল পরিষেবার জন্য চিহ্নিত সরকারী বা বেসরকারী হাসপাতালে প্রয়োজনমত রোগীদের বিশেষ চিকিৎসার জন্য পাঠাবেন।
- কাজকর্মের উন্নতির জন্য কাজ চলাকালীন স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী, প্রথম সারির পরিদর্শিকা ও অন্যান্য কৃত্যকারীদের ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করবেন।
- স্কীমের বিভিন্ন পরিষেবা দেওয়ার জন্য এইচ.পি.-র কর্মসূচী পরিকল্পনা ও রচনা করবেন।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর দ্বারা ফ্যামিলি সিডিউলে লিপিবদ্ধ করা পরিসংখ্যান / কোন রিসার্চের কাজের তথ্য / নানাবিধ রিপোর্ট -এর তথ্য সঠিক ভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা ভিজিট করে তার সত্যতা যাচাই করবেন। মাসে অন্ততঃ ১০ শতাংশ তথ্য চেক করা দরকার।
- এস.এইচ.পি গুলি থেকে এইচ.আই.এম.এস. রিপোর্ট সংগ্রহ করার পরে একত্রিত করে সুনির্দিষ্ট ফর্মাটে রিপোর্ট তৈরী করে নির্ধারিত সময়ে পৌরসভার এম.এম.সি. ও সুডায় - সি.সি.সি.-র কাছে পাঠানোর দায়িত্বে থাকবেন।
- এইচ.পি.-র হেল্থ কর্মীদের ডাক্তারি ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে উপদেশ দেবেন ও দিশা দেখাবেন।
- স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ে বিবিধ আই.ই.সি. প্রোগ্রামের পরিকল্পনা ও অংশগ্রহণ করবেন।
- জনপ্রতিনিধি, কমিউনিটি নেতা, সি.বি.ও. ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা এবং সরকারী কর্মচারী ও জনসাধারণের সাথে যোগাযোগ রক্ষা করে প্রয়োজন অনুযায়ী এন.জি.ও. ও সি.বি.ও.দের স্কীমের কাজের মধ্যে সামিল করার ব্যবস্থা করবেন।
- এইচ.পি.-র জন্য ওষুধপত্র, টীকাকরণের ভ্যাকসিন ইত্যাদি দ্রব্যাদির জন্য ইন্ডেন্ট তৈরী করবেন ও দ্রব্যাদির জন্য ষ্টক লেজার রাখবেন।
- রাজ্য সরকারের বিভিন্ন স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোগ্রাম রূপায়ণে অংশ নেওয়া।
- এছাড়া, বিধিসঙ্গত কর্তৃপক্ষ আর যে সব কাজের দায়িত্ব দেবেন তা পালন করবেন।

এ.এন.এম. :

- এস.এইচ.পি.-র, প্রথম সারির পরিদর্শিকাদের এবং দরকারমতো স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর কাজকর্ম দেখাশুনা করবেন ও নজর রাখবেন।
- স্কীমের প্রয়োজন অনুযায়ী স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী ও প্রথম সারির পরিদর্শিকাদের কাজের দক্ষতা ও মান বাড়াবার দায়িত্বে থাকবেন।
- প্রথম সারির পরিদর্শিকাদের সহায়তায় বাচ্চাদের ও গর্ভবতী মায়েদের টীকা দেওয়ার ব্যবস্থা করবেন ও এ বিষয়ে রেজিস্টার রাখবেন।
- আই.ইউ.ডি. পরানোর দায়িত্বে থাকবেন।
- গর্ভবতী ও প্রসূতি মায়েদের নিয়মিত চেকআপ করবেন ও এ বিষয়ে একটি রেজিস্টার রাখবেন।
- ভ্যাকসিনের জন্য কোল্ড চেইন রক্ষা করবেন। ওষুধপত্র, যন্ত্রপাতির পরিদর্শন ও রক্ষণাবেক্ষণ করবেন। ওষুধপত্র ও ভ্যাকসিন ব্যবহারের সময়সীমা পার হয়ে গেছে কিনা সেদিকে নিয়মিত নজর রাখবেন।
- পরিবার পরিকল্পনার জন্য ক্যাম্পের আয়োজন করবেন।
- সরকারী / চিহ্নিত বেসরকারী হাসপাতালগুলিতে স্কীমের জন্য রেফারেল পরিষেবার ব্যবস্থা করবেন।
- রিপোর্ট রিটার্নগুলি একত্রিকরণ করে সময়মত পাঠাবেন। বিভিন্ন চার্ট ও ডায়াগ্রাম তৈরী করতে সহায়তা করবেন।
- ৫ বছরের নীচে বাচ্চাদের ওজন নেওয়া ও ওজনের কার্ডে নথিভুক্ত করে ওজনের গতিরেখার উপর নজর রাখবেন।
- ব্লক ও এস.এইচ.পি.-তে প্রথম সারির পরিদর্শিকার সাহায্য নিয়ে কমিউনিটির মহিলাদের জন্য বিভিন্ন স্বাস্থ্য বিষয়ক জনকারী প্রোগ্রামের আয়োজন করবেন।
- বিশেষতঃ এইচ.এম.আই.এস. ও আই.ই.সি. সংক্রান্ত ব্যাপারে পার্ট টাইম মেডিক্যাল অফিসারদের সহায়তা দেবেন।
- এস.এইচ.পি.-তে ল্যাবরেটরি পরীক্ষার জন্য এম.ও.-কে সাহায্য করবেন।
- রাজ্য সরকারের বিভিন্ন স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোগ্রাম রূপায়ণে অংশ নেওয়া।
- এছাড়া, এইচ.ও. / এ.এইচ.ও. বা বিধিসঙ্গত কোন কর্তৃপক্ষ আর যে সব কাজের দায়িত্ব দেবেন সেগুলি পালন করবেন।

ক্লার্ক কাম স্টোরকিপার :

- হেল্থ পোস্ট থেকে চিঠিপত্র পাঠানো ও গ্রহন করা। উপযুক্ত ফাইলে অফিস রেকর্ড রাখা।
- হেল্থ পোস্টের স্টেশনারী, ফর্ম, বইপত্র, ভ্যাকসিন, পরিবার পরিকল্পনার সরঞ্জাম, ডাক্তারি যন্ত্রপাতি, ওষুধপত্র ইত্যাদি সংগ্রহের জন্য লিস্ট ও ইন্ডেন্ট তৈরী করা। জিনিসগুলি ষ্টকে নেওয়া ও ঠিকমতো বিলি করা।
- স্কীমের কাজকর্ম ঠিকমতো চলনার জন্য এইচ.পি ও এম.এম.সি. কর্মীদের সহায়তা করা।
- এছাড়া, বিধিসঙ্গত কর্তৃপক্ষ যেসব কাজের দায়িত্ব দেবেন তা পালন করা।

অ্যাটেন্ডেন্ট :

- এইচ.পি.-তে ও বাইরে বার্তাবহ / পিওনের কাজ করা।
- বিধিসঙ্গত কর্তৃপক্ষ আর যে যে কাজের দায়িত্ব দেবেন সেগুলি পালন করা।

প্রথম সারির পরিদর্শিকা (First Tier Supervisor) :

- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্তরে সব কাজকর্ম সম্বন্ধে ওয়াকিবহাল থাকা।
- তার দায়িত্বে থাকা স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর কাজকর্ম পরিদর্শন করা। মাবেমাবেই ফিল্ড ভিজিট করা।
- ১৫ দিন অন্তর সার হেল্থ পোস্টে সব স্বাস্থ্যকর্মী নিয়ে মিটিং করা।
- স্বাস্থ্যকর্মীদের দ্বারা পূরণ করা ফ্যামিলি সিডিউল চেক করা।
- এস.এইচ.পি.-তে মেডিক্যাল অফিসারকে সাহায্য করা।
- সব রকম জানকারী প্রোগ্রামের আয়োজন করা।
- প্রয়োজনমত রোগীদের অনুমোদিত চিকিৎসা দেওয়া।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর দ্বারা পাঠানো রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা।
- জটিল রোগীদের চিকিৎসার জন্য যথাযথ স্থানে পাঠানোর ব্যবস্থা করা।
- বিষয় ও সময়সূচী অনুযায়ী এস.এইচ.পি.-তে বিভিন্ন পরিষেবার ব্যবস্থা করা।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীদের কাছ থেকে পাওয়া রিপোর্টগুলি একত্রিত করে এস.এইচ.পি.-র জন্য একটি রিপোর্ট বানানো ও এইচ.পি.-তে ডাটা এন্ট্রি অপারেটরের কাছে পাঠানো।
- এস.এইচ.পি.-তে ওষুধপত্র ও পরিষেবার অন্যান্য সামগ্রী রাখার ব্যবস্থা করা।
- এস.এইচ.পি.-তে এ.এন.এম.-এর সহায়তায় বিভিন্ন রেজিস্টার, নথিপত্র ইত্যাদি সঠিকভাবে চালু রাখা।
- এস.এইচ.পি.-তে ল্যাবরেটরি পরীক্ষার জন্য এম.ও. ও এ.এন.এম.-কে সাহায্য করা।
- বিভিন্ন ট্রেনিং, কর্মশালা, মিটিং-এ যোগদান করা।
- রাজ্য সরকারের বিভিন্ন স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোগ্রামে অংশ নেওয়া।

স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী (Honorary Health Worker)

- নিজ নিজ ব্লকের নির্দিষ্ট পরিবারের সাথে সংযোগ রাখা।
- ১৫ দিন অন্তর প্রতি পরিবারে ভিজিট করা। অতএব ১৫ - ২০ পরিবার প্রতিদিন অবশ্যই ভিজিট করতে হবে।
- স্বাস্থ্য পরিষেবা গ্রহণের জন্য জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করা।
- স্বাস্থ্য পরিষেবার সব কর্মকান্ডে জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করা।
- মায়েদের ও শিশুদের স্বাস্থ্য সম্বন্ধীয় পরিসংখ্যান নেওয়া ও তা ফ্যামিলি সিডিউলে পূরণ করা।
- ব্লকের প্রতিজনকে নিম্নলিখিত বিষয়ে জানকারী দেবেন -

ব্যক্তিগত স্বাস্থ্য, বিশুদ্ধ পানীয় জল, স্বাস্থ্যকর পরিবেশ, আবর্জনা অপসারণ, সংক্রামক রোগের প্রতিরোধ ও যত তাড়াতাড়ি সম্ভব চিকিৎসার ব্যবস্থা, ও.আর.এস. - এর ব্যবহার, এ.আর.এই. রোগীর চিহ্নিতকরণ ও চিকিৎসার ব্যবস্থা, সব রকমের পুষ্টি, মাতৃদুগ্ধ খাওয়ানো ও ক্রমান্বয়ে অন্য খাদ্য দেওয়া, টীকাকরণ, লিঙ্গ বৈষম্য দূরীকরণ, যৌনবিষয়ক শিক্ষা (এর মধ্যে এসটি.আই., এইচ.আই.ভি. / এইডস-ও থাকবে), জননেত্রির রোগ সংক্রমণ, কিশোরীদের স্বাস্থ্যের যত্ন নেওয়া, বিবাহের বয়স, প্রথম মাতৃত্বের বয়স, পিল ও কন্ডোম ব্যবহার, দুই সন্তানের মধ্যে ব্যবধান রাখা, সীমিত পরিবারের জনসংখ্যা, গর্ভবতীর পরিচর্যা ও বিপদ সংকেত, নিরাপদ প্রসব, নিরাপদ গর্ভপাত, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য বিষয়ে পুরুষদের অংশগ্রহণ, প্রজননশীল স্বাস্থ্য ও অনুরূপ বিষয়ের চেতনা বৃদ্ধি, ফাস্ট এইড, রেফারেল ইত্যাদি।

- বাড়িতে সাধারণ রোগের প্রাথমিক চিকিৎসা করা।
- ও.আর.এস. প্যাকেট, ভিটামিন -এ, আয়রন ফলিক অ্যাসিড ট্যাবলেট, কন্ডোম ও ওরাল পিল বাড়ি বাড়ি বিতরণ করা।
- জুরেভোগা রোগীদের রক্তের স্লাইড নেওয়া ও এস.এইচ.পি.-তে জমা দেওয়া।
- গর্ভবতী মায়েদের ও শিশুদের টীকাকরণের ব্যবস্থা করা।
- হাসপাতালে প্রসবের ব্যবস্থা করা।
- প্রসূতি মায়েদের দেখাশুনা করা বিশেষতঃ তাদের পরিবার পরিকল্পনা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করা।
- বাচ্চাদের ওজনের গতিরেখা নজর রাখা ও পরিপূরক পুষ্টি এবং অন্যান্য পরিষেবার জন্য অঙ্গনওয়াসী কর্মীদের সাথে সংযোগ রক্ষা করা।
- সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হয়েছে সন্দেহ হলে এস.এইচ.পি.-তে রিপোর্ট করা।
- প্রয়োজনমতো ডাক্তারের পরামর্শ অনুযায়ী রোগীদের ঔষুধ দেওয়া।
- রাজ্য সরকারের বিভিন্ন স্বাস্থ্য সম্বন্ধীয় প্রোগ্রামে অংশ নেওয়া।
- প্রতি ভিজিটে পরিবার পিছু ১ টাকা করে সংগ্রহ করে পৌরসভার হেল্থ ফান্ডে জমা করা।